কানাইঘাটে চোরাই মাল ধরেছে বিজিবি, নিরাপত্তাহীন সাধারণ মানুষ

চেম্বার ডেস্ক: কানাইঘাটে চোরাকারবারীর বাড়ী থেকে ভারতীয় চোরাই চিনি উদ্ধার করেছিলো বার্ডার গার্ড বাংলাদেশ পুলিশ। এ ঘটনার পর থেকে চোরাকারবারিদের হুমকির মুখে নিরাপত্তাহীন উপজেলার জয়ফৌদের আফতাব উদ্দিন, পূর্ব ঠাকুরের মাটি গ্রামের রফিক উদ্দিন ও তারেক আহমদ। তিনজনেই জীবনের নিরাপত্তা চেয়ে গতকাল ১ অক্টোবর ডিআইজি বরাবর আবেদন করেছেন।

আবেদনে তারা উল্লেখ করেছেন, গত ২২.০৯.২০২৪ তারিখে বিজিবি বিয়াবাইল ক্যাম্পের জওয়ানরা অভিযান চালিয়ে উপজেলার দীঘির পাড় গ্রামের শফিক আহমদের ছেলে সুহাগ আহমদের বসত ঘর থেকে প্রায় পৌনে দুই লাখ টাকা মূল্যের ভারতীয় চোরাই চিনি উদ্ধার করেন। এই ঘটনার জের ধরে সোহাগ আহমদ ক্ষিপ্ত হন আফতাব, তারেক ও রফিক উদ্দিনের উপর। সুহাগের সন্দেহ আফতাবরা বিজিবিকে খবর দিয়ে তার চোরাই মাল ধরিয়ে দেন।

এর জের ধরে সুহাগ আহমদ ও একই এলাকার এখলাছ উদ্দিনের ছেলে শিমুল আহমদ আফতাবদের উপর ক্ষিপ্ত হন। হামলা চালানোর চেষ্টা করে। গত ২৪.০৯.২০২৪ তারিখে সড়কের বাজারের একটি দোকানে এনিয়ে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ সালিশে বসেন। সালিশে চোরাকারবারি সুহাগ ও শিমুল দাবি করেন, তাদের ভারতীয় চিনি রফিক, তারেক-আফতাবরা বিজিবির কাছে ধরিয়ে দিয়েছেন। এর ক্ষতিপূরণ দিতে হবে। এলাকাবাসি দুই পক্ষকে জামানত দিতে বলেন। দুই পক্ষ জামানত দিলে এলাকাবাসি বিষয়টি আপোষে সমাধান করে দেবেন বলে জানান।

কিন্তুু এরপরই সুহাগ ও শিমুল আহমদরা এলাকায় প্রচার করেন তাদের মালামাল ধরিয়ে দেওয়ার ক্ষতিপূরণ তারা আদায় করবেন এবং আফতাব উদ্দিন, তারেক আহমদ ও রফিক উদ্দিনদের এলাকায় খুঁজতে থাকেন প্রাণে হত্যার জন্য। এঅবস্থায় তারা নিরাপত্তাহীনতায় ভুগছেন। ডিআইজির কাছে জীবন ও জানমালের নিরাপত্তা চেয়ে আবেদন করেছেন তারা।